গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	এইচ এম রকিব হায়দার জেলা প্রশাসক, লালমনিরহাট
বিষয়	২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।
তারিখ ও সময়	০৫ মার্চ, ২০২৫ খ্রি. সময়: সকাল ১১.০০ টা।
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।
সূত্র	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০/০২/২০২৫ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২৫.০৮ নং স্মারকে প্রাপ্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার শুরুতে সকল শহিদদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয়।

অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে ২৯/০১/২০২৫ তারিখ অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী ও জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচি সভায় পাঠ করে শোনান।

সভায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে সকলের মতামত ও আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে জেলা পর্যায়ে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ কর্মসূচি গৃহীত হয়:

২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৫ উদ্‌যাপনের কর্মসূচি:

ক্রঃ	তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	২০-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৫ (সুবিধাজনক দিন/সময়ে) স্মৃতিচারণ ও আলোচনা সভা	স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা	স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান	১। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট ৩। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান
০২	২৫-০৩-২০২৫ দুপুর ১২:০০ টা থেকে আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনী	পৌরসভার মিনিপোলগুলোতে গণহত্যার উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনী	লালমনিরহাট ও পাটগ্রাম পৌরসভা	১। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট ২। সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ ৩। মুক্তিযোদ্ধা কমান্ডার

ক্রঃ	তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৩	২৫-০৩-২০২৫ মসজিদে বাদ জোহর/সুবিধাজনক সময়ে	২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা	মসজিদ/মন্দির/ প্যাগোডা/গীর্জা ও অন্যান্য উপাসনালয়	১। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট ২। সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিক্ষা কার্যক্রম, লালমনিরহাট ৩। সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ
০৪	২৫-০৩-২০২৫ (রাত ১০.৩০ টা হতে ১০:৩১ টা পর্যন্ত) প্রতীকী ব্ল্যাক-আউট	প্রতীকী ব্ল্যাক আউট ০১ মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)	---	১। নির্বাহী প্রকৌশলী, নেসকো পিএলসি, লালমনিরহাট ২। উপমহাব্যবস্থাপক, পল্লি বিদ্যুৎ সমিতি, লালমনিরহাট
০৫	২৫/০৩/২০২৫ (আলোকসজ্জা)	কোন অবস্থাতেই ২৫/০৩/২০২৫ তারিখ রাতে আলোকসজ্জা করা যাবে না।	---	১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপনের কর্মসূচি:

ক্র: নং	তারিখ ও সময়	অনুষ্ঠান সূচি	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	২৬/০৩/২০২৫ (জাতীয় পতাকা উত্তোলন)	সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন	১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ/ভবন মালিক
০২	২৬/০৩/২০২৫ (আলোকসজ্জা) (বিঃদ্রঃ কোন ক্রমেই ২৫/০৩/২০২৫ তারিখ দিবাগত রাতে আলোকসজ্জা করা যাবে না)।	গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা	গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহ	১। সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এবং ভবন মালিকগণ
০৩	২৬/০৩/২০২৫ (সূর্যোদয়ের সাথে সাথে)	সূর্যোদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির শুভ সূচনা	মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ প্রাঙ্গণ	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট
০৪	২৬/০৩/২০২৫ (সূর্যোদয়ের সাথে সাথে) সকাল: ৬.০১ টায়	শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ	মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ, এবং রেলওয়ে গণকবর	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট

ক্র: নং	তারিখ ও সময়	অনুষ্ঠান সূচি	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫	২৬/০৩/২০২৫ (সকাল ৯ টায় জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও কুচকাওয়াজ)	জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও কুচকাওয়াজ	জেলা স্টেডিয়াম, লালমনিরহাট	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট ২। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট
০৬	২৬/০৩/২০২৫ (সুবিধাজনক সময়ে মোনাজাত/প্রার্থনা)	জাতীয় শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/ প্রার্থনা	সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়	১। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট ২। সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিক্ষা কার্যক্রম, লালমনিরহাট ৩। সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ
০৭	২০/০৩/২০২৫ থেকে ২৫/০৩/২০২৫ তারিখ পর্যন্ত (সুবিধাজনক সময়ে আলোচনা সভার আয়োজন)	সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে	১। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট ৩। সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান
০৮	২৬/০৩/২০২৫ (বিশেষ খাবার পরিবেশন)	দেশের সকল হাসপাতাল, জেলা কারাগার, সরকারি শিশু পরিবার, আল নাহিয়ান শিশু পরিবার, এতিমখানায় উন্নত মানের খাবার সরবরাহ	সদর হাসপাতাল/জেলা কারাগার, সরকারি শিশু পরিবার, আল-নাহিয়ান শিশু পরিবার, এতিমখানা ও ভবঘুরে প্রতিষ্ঠান	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান
০৯	২৬/০৩/২০২৫ (সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ)	শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ	শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ	১। সংশ্লিস্ট পৌরসভা কর্তৃক্ষ ২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, লালমনিরহাট ৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, লালমনিরহাট ৪। ডিআরএম, লালমনিরহাট

ক্র: নং	তারিখ ও সময়	অনুষ্ঠান সুচি	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১০	২৬/০৩/২০২৫ (সুবিধাজনক সময়ে)	শিশুদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন	সংশ্লিষ্ট উপ-কমিটি কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে	শিশু একাডেমি, লালমনিরহাট
১১	২৬/০৩/২০২৫ (জেলার সকল শিশু পার্ক ও উদ্যান উন্মুক্তকরণ)	লালমনিরহাট শিশু পার্কসহ জেলার সকল শিশু পার্ক ও উদ্যান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাটসহ সংশ্লিষ্ট সকল	১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট ২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সকল)
১২	০১/০৩/২০২৫ থেকে ২৩/০৩/২০২৫ পর্যন্ত (খেলাধুলার আয়োজন)	টি -২০ প্রীতি ক্রিকেট প্রতিযোগিতা	জেলা স্টেডিয়াম, লালমনিরহাট	১। জেলা ক্রীড়া সংস্থা, লালমনিরহাট
১৩	২৬/০৩/২০২৫ (চলচ্চিত্র/প্রামাণ্য চিত্র প্রদর্শনী)	সিনেমাহলসমূহে বিনা টিকিটে ছাত্র/ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং মিলনায়তনে/উন্মুক্ত স্থানে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যত্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন	তথ্য অফিসার ও সংশ্লিষ্ট সিনেমা হল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান	১। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট ২। সংশ্লিষ্ট সিনেমা হল কর্তৃপক্ষ

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদ্‌যাপন কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.	জেলা প্রশাসক, লালমনিরহাট	সভাপতি
২.	পুলিশ সুপার, লালমনিরহাট	সদস্য
৩.	প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট	সদস্য
৪.	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট	সদস্য
৫.	সিভিল সার্জন, লালমনিরহাট	সদস্য
৬.	উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট	সদস্য
৭.	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট	সদস্য
৮.	বিভাগীয় প্রধান (সকল), লালমনিরহাট	সদস্য
৯.	প্রশাসক, লালমনিরহাট পৌরসভা	সদস্য
১০.	প্রশাসক, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট	সদস্য
১১.	উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর	সদস্য
১২.	নির্বাহী প্রকৌশলী, নেসকো পিএলসি, লালমনিরহাট	সদস্য
১৩.	ক্যাপ্টেন (অবঃ) আজিজুল হক, বীর প্রতীক, লালমনিরহাট	সদস্য
১৪.	সভাপতি, চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, লালমনিরহাট	সদস্য
১৫.	জনাব হাফিজুর রহমান হাফিজ, বীর মুক্তিযোদ্ধা, বসুন্ধরা, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট	সদস্য
১৬.	জনাব মোঃ লুৎফর রহমান, বীর মুক্তিযোদ্ধা, মোগলহাট, লালমনিরহাট	সদস্য
১৭.	জনাব শামস্ বিন শাহরিয়ার (নাঈম), আহ্বায়ক, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, লালমনিরহাট	সদস্য

১৮.	জনাব মোঃ হামিদুর রহমান, সদস্য সচিব, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, লালমনিরহাট	সদস্য
১৯.	সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, লালমনিরহাট	সদস্য
২০.	কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, লালমনিরহাট	সদস্য
২১.	সম্পাদিকা, জেলা মহিলা ক্রীড়া সংস্থা, লালমনিরহাট	সদস্য
২২.	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট	সদস্য-সচিব

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১।	লালমনিরহাট সদর উপজেলা ব্যতীত অপর ৪টি উপজেলায় জাতীয় কর্মসূচি ও জেলা পর্যায়ের গৃহীত কর্মসূচির অনুরূপ কর্মসূচি প্রণয়ন পূর্বক ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ যথাযথ মর্যাদার সাথে পালনের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
০২।	২৫ মার্চ গণহত্যার উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর জন্য জেলা তথ্য অফিসার, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ক্ষেত্রে কোন অবস্থাতেই যেন বিতর্কিত কোন আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শিত না হয় সে বিষয়ে জেলা তথ্য অফিসার, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
০৩।	২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যানের লক্ষ্যে প্রশাসক, লালমনিরহাট পৌরসভা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ এবং নির্বাহী প্রকৌশলী, নেসকো, লালমনিরহাট মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ এবং রেলওয়ে গণকবর এ পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ করবেন।
০৪।	২৬ মার্চ, ২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে বীর শহিদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ ও মুক্তিযুদ্ধা স্মৃতিসৌধ প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্নতাসহ রং করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এবং রেলওয়ে গণকবর পুষ্পস্তবক অর্পণের উপযোগী করার জন্য বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
০৫।	২৬ মার্চ, ২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে জেলা স্টেডিয়াম মাঠ, গ্যালারি, অফিস ভবন পরিচ্ছন্নতার বিষয়ে সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
০৬।	পুষ্পস্তবক অর্পণের সময় সকলকে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য অনুরোধ করা হয়। সারিবদ্ধভাবে সকলকে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। প্রয়োজনে জেলা স্কাউটের সহযোগিতা গ্রহণ করতে হবে।
০৭।	লালমনিরহাট সদর উপজেলার বরাদ্দ পাওয়া গেলে তা জেলা পর্যায়ের বরাদ্দের সাথে একত্রিতকরণপূর্বক দিবসটি উদ্‌যাপনে ব্যয় করা হবে।
০৮।	পুলিশ সুপার, লালমনিরহাট গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য আইন-শৃংখলা বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগ করবেন।
০৯।	People's Republic of Bangladesh Flag Rules, ১৯৭২ মোতাবেক সঠিক রং, মাপ ও মান ঠিক রেখে সঠিক নিয়মে যাতে জাতীয় পতাকা উত্তোলন করা হয় সে বিষয়ে শহরবাসীকে সচেতন রাখার নিমিত্ত জেলা তথ্য অফিসার, লালমনিরহাট এবং সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, লালমনিরহাট মাইকযোগে ব্যাপক প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০।	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপনের নিমিত্ত জেলা পর্যায়ে গৃহীত সকল কর্মসূচিতে জেলা পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরপ্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
১১।	জেলা পর্যায়ের ন্যায় উপজেলার সকল অনুষ্ঠানে উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থাকবেন।
১২।	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা পর্যায়ের অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য সকল শিক্ষা প্রতিষ্ঠান যথাযোগ্য মর্যাদার সাথে বিধি মোতাবেক পালন করবেন। এ লক্ষ্যে জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন এবং মনিটরিং করবেন।
১৩।	জেলা তথ্য অফিসার, লালমনিরহাট ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও সকল অনুষ্ঠানে মাইক সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন।
১৪।	উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লালমনিরহাট আগামী ২৫/০৩/২০২৫ তারিখ বিকালে লালমনিরহাট জেলা স্টেডিয়াম এবং মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ প্রাঙ্গণে পানি ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১৫।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, লালমনিরহাট আগামী ২৩/০৩/২০২৫ তারিখ কুচকাওয়াজ এর মহড়ায় অংশগ্রহণকারীগণের এবং ২৬/০৩/২০২৫ তারিখ কুচকাওয়াজ এ অংশগ্রহণকারীগণের ব্যবহারের জন্য জেলা স্টেডিয়াম, লালমনিরহাট-এ ৬ টি অস্থায়ী টয়লেট (মহিলাদের জন্য ৩ টি ও পুরুষদের জন্য ৩টি) এবং ৬ টি টিউবওয়েল স্থাপন করবেন।
১৬।	২৬/০৩/২০২৫ স্টেডিয়ামে প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদিসহ মেডিকেল টীম সংরক্ষণ করার জন্য সিভিল সার্জন, লালমনিরহাট ও তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১৭।	কোন ক্রমেই ২৫/০৩/২০২৫ তারিখ দিবাগত রাতে আলোকসজ্জা করা যাবে না।

পরিশেষে রমজান মাসের পবিত্রতা রক্ষা করে "২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫" রাষ্ট্রীয় সম্মান ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত সম্মানিত বীরমুক্তিযোদ্ধা, জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, গণ্যমান্য ও বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ এবং সর্বস্তরের জনগণকে গৃহীত কর্মসূচি মোতাবেক সকল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.৩.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০০.০০৫.০৪.০০০১.২৫- ৬১৫

তারিখ : ২৫ ফাল্গুন, ১৪৩১
১০ মার্চ, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জনাব...লালমনিরহাট।

১০.৩.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd